

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পররাষ্ট্র মন্ত্রণালয়  
ঢাকা

নং - এডি-পি ১-০৩৫৭/১৫৫৬

তারিখ : ০৬ ফেব্রুয়ারি ২০১৭

প্রেরক : এ.কে.এম. মহিউদ্দিন কায়স  
সহকারী সচিব (সংস্থাপন-১)

প্রাপক : জনাব মোহাম্মদ মনিরুজ্জামান  
সিনিয়র সহকারী সচিব  
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় : আগামী ০৬-০৭ মার্চ ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর ইন্দোনেশিয়া সফর উপলক্ষে অগ্রবর্তী দলের সদস্য হিসেবে প্রশাসনিক মঞ্জুরি প্রসঙ্গে।

জনাব,


উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, মাননীয় প্রধানমন্ত্রীর আসন্ন ইন্দোনেশিয়া সফর উপলক্ষে বাংলাদেশ দূতাবাস, জাকার্তা-এর কাজে সার্বিক সহযোগিতার জন্য আপনার অনুকূলে আগামী ২৪ ফেব্রুয়ারি ২০১৭ থেকে ০৭ মার্চ ২০১৭ তারিখ পর্যন্ত ঢাকা-জাকার্তা-ঢাকা ভ্রমণের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লেখিত ভ্রমণের শর্তাবলী নিম্নরূপঃ

- (ক) আপনি আগামী ২৪ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ অথবা নিকটবর্তী সময়ে জাকার্তা-এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং ০৭ মার্চ ২০১৭ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকা-এর উদ্দেশ্যে জাকার্তা ত্যাগ করবেন;
- (খ) ভ্রমণকালীন সময়ে আপনি নিজ কর্মস্থলে কর্মরত রয়েছেন বলে গণ্য করা হবে;
- (গ) এ প্রেক্ষিতে আপনি যাতায়াতের জন্য বিমান ভাড়া এবং বিধি অনুযায়ী অন্যান্য আনুষঙ্গিক ভাতাদি প্রাপ্য হবেন;
- (ঘ) অনুমোদিত ভ্রমণের অতিরিক্ত সময় আপনি জাকার্তা-তে অবস্থান করতে পারবেন না;
- (ঙ) এ ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ডিপ্লোমেটিক ও কনস্যুলার সার্ভিসেস-এর ২০১৬-১৭ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের “৩-১৮১৫-০০০১-৪৮৪৪ (খ)-প্রতিনিধি প্রেরণ ব্যয়” অর্থনৈতিক কোড থেকে মেটানো হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরিপত্র জারি করা হলো।

আপনার একান্ত,


  
(এ.কে.এম. মহিউদ্দিন কায়স)  
সহকারী সচিব (সংস্থাপন-১)

নং - এডি-পি ১-০৩৫৭/১৫৫৬

তারিখ : ০৬ ফেব্রুয়ারি ২০১৭

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১. মহাপরিচালক (প্রশাসন/রাষ্ট্রাচার প্রধান/দক্ষিণ পূর্ব এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০২. পরিচালক (পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/ দক্ষিণ পূর্ব এশিয়া/ইউরোপ/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (এসএসএ/ দক্ষিণ পূর্ব এশিয়া/মেরিটাইম এ্যাফেয়ার্স ইউনিট/তহবিল/আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
০৫. বাংলাদেশ দূতাবাস, জাকার্তা।
০৬. সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।

  
(এ.কে.এম. মহিউদ্দিন কায়স)  
সহকারী সচিব (সংস্থাপন-১)